**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 9/28/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# মনরো কাউন্টিতে 6.8 মিলিয়ন ডলারের সহায়তামূলক আবাসন প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে বলে গভর্নর হোকলের ঘোষণা

***ওপেন ডোর মিশনের মিলার বিল্ডিং রচেস্টারে 24টি স্থায়ী সহায়তামূলক আবাসন ইউনিট প্রদান করছে***

***এই প্রকল্প 18-25 বছর বয়সী সাবেক গৃহহীন ব্যক্তিদের পাশাপাশি মানসিক অসুস্থতায় আক্রান্ত অথবা মাদকদ্রব্য ব্যবহার সংক্রান্ত সমস্যার সম্মুখীন হওয়া ব্যক্তিদেরকে সাহায্য করবে***

গভর্নর ক্যাথি হোকল আজ সাবেক গৃহহীন ব্যক্তিদের জন্য 24টি স্থায়ী সহায়তামূলক আবাসন ইউনিট প্রদান করতে রচেস্টারে ওপেন ডোর মিশনের (Open Door Mission) 6.8 মিলিয়ন ডলারের মিলার বিল্ডিং (Miller Building)-এর নির্মাণকাজ সম্পন্ন হয়েছে বলে ঘোষণা করেছেন। অস্থায়ী ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তরের (Office of Temporary and Disability Assistance) গৃহহীনদের জন্য আবাসন ও সহায়তা কর্মসূচির (Homeless Housing and Assistance Program) তরফ থেকে অধিকাংশ অর্থায়নে নির্মিত এসব অ্যাপার্টমেন্টে 18 থেকে 25 বছর বয়সী মানসিক অসুস্থতায় আক্রান্ত ব্যক্তি এবং মাদকদ্রব্য ব্যবহার সংক্রান্ত সমস্যায় আক্রান্ত ব্যক্তিরা বাস করবেন।

"এসব নতুন অ্যাপার্টমেন্ট শুধু বসবাসের জন্য একটি নিরাপদ ও সাশ্রয়ী স্থানই নয়, বরং সমৃদ্ধ জীবনযাপনের জন্য প্রয়োজনীয় সহায়তামূলক পরিষেবাগুলোও প্রদান করবে," **বলেছেন গভর্নর হোকল।** "রচেস্টারে মিলার বিল্ডিং-এর মতো সহায়তামূলক আবাসন সব নিউ ইয়র্কবাসীর জন্য নিজেদের ঠিকানা হিসেবে পরিচয় দেওয়ার মতো একটি নিরাপদ, সাশ্রয়ী স্থান থাকা নিশ্চিত করতে সাহায্য করবে এমন কমিউনিটিগুলো গড়ে তোলার জন্য আমার প্রশাসনের অঙ্গীকারাবদ্ধতার একটি অতি গুরুত্বপূর্ণ উপাদান, এবং স্টেটজুড়ে গৃহহীনতা মোকাবেলার জন্য আমাদের প্রচেষ্টার একটি মৌলিক অংশ হিসেবে আমরা সহায়তামূলক আবাসনে বিনিয়োগ করা চালিয়ে যাবো।"

এই প্রকল্প আবাসনকে আরো বেশি সাশ্রয়ী, সমতাপূর্ণ, ও স্থিতিশীল করে তোলার জন্য গভর্নর হোকলের স্টেটব্যাপী পরিকল্পনার পরিপূরক। 2023 অর্থবছরের স্টেট বাজেটে গভর্নর 25 বিলিয়ন ডলারের একটি নতুন পাঁচ-বছর মেয়াদী সমন্বিত আবাসন পরিকল্পনা সফলভাবে প্রণয়ন

করেছেন যা নিউ ইয়র্ক জুড়ে 100,000 সাশ্রয়ী বাড়ি তৈরি বা সংরক্ষণ করার মাধ্যমে আবাসনের সরবরাহ বৃদ্ধি করবে, যার মধ্যে অসহায় জনগোষ্ঠীর জন্য সহায়তামূলক পরিষেবাসম্পন্ন 10,000 বাড়ি এবং আরো 50,000 বাড়িতে বিদ্যুতায়ন সম্পন্ন করা অন্তর্ভুক্ত রয়েছে।

ওপেন ডোর মিশন ওয়েস্ট মেইন স্ট্রিটের সাবেক খালি পড়ে থাকা মিলার বিল্ডিংকে সম্পূর্ণরূপে সংস্কার করে 13টি স্টুডিও এবং 11টি এক-বেডরুমের অ্যাপার্টমেন্ট তৈরি করেছে। সেইসাথে, অন-সাইট সহায়তামূলক পরিষেবা যেমন কেস ম্যানেজমেন্ট, চাকরির প্রস্তুতি সংক্রান্ত প্রশিক্ষণ, আর্থিক ব্যবস্থাপনা, দক্ষতার প্রশিক্ষণ এবং কর্মসংস্থান খোঁজার ক্ষেত্রে সহায়তা, ইত্যাদি প্রদান করা হবে।

এই প্রকল্পের অর্থায়নের মধ্যে গৃহহীনদের জন্য আবাসন ও সহায়তা কর্মসূচির তরফ থেকে 6.5 মিলিয়ন ডলারেরও বেশি অনুদান অন্তর্ভুক্ত রয়েছে, যেখানে ওপেন ডোর মিশন অবশিষ্ট নির্মাণকাজের ব্যয় বহন করেছে। কার্যপরিচালনার তহবিল স্টেটের অফিস অব অ্যাডিকশন সার্ভিসেস এন্ড সাপোর্টস (Office of Addiction Services and Supports)-এর মাধ্যমে এম্পায়ার স্টেট সহায়ক আবাসন উদ্যোগের (Empire State Supportive Housing Initiative) মাধ্যমে প্রদান করা হচ্ছে।

ওপেন ডোর মিশন রচেস্টার কমিউনিটিতে সেবা প্রদানের 70তম বছর উদযাপন করছে। এই সংস্থা মনরো কাউন্টিতে জরুরি বা ক্রান্তিকালীন আশ্রয়কেন্দ্র প্রদান করা আরো তিনটি ফ্যাসিলিটি পরিচালনা করে।

**অস্থায়ী ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তরের কমিশনার ড্যানিয়েল ডব্লিউ. টিয়েজ বলেন,** "নিরাপদ, স্থায়ী, সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট এবং অন-সাইট সহায়তামূলক পরিষেবার সমন্বয় এই তরুণ প্রাপ্তবয়স্ক ব্যক্তিদেরকে এবং মানসিক অসুস্থতায় আক্রান্ত অথবা মাদকদ্রব্য ব্যবহার সংক্রান্ত সমস্যার সম্মুখীন হওয়া অধিবাসীদেরকে দারুণভাবে সহায়তা করবে। এসব চমৎকার নতুন অ্যাপার্টমেন্ট আগের খালি পড়ে থাকা একটি ভবনকে প্রাণবন্ত করে তুলছে, যা শুধু সেখানে বসবাসকারীদেরকেই নয় বরং সমগ্র কমিউনিটিকে উপকৃত করবে।"

**অফিস অব অ্যাডিকশন সার্ভিসেস এন্ড সাপোর্টস-এর কমিশনার শিনাজো কানিংহ্যাম বলেন,** "মাদকদ্রব্য ব্যবহার সংক্রান্ত সমস্যার সম্মুখীন হওয়া অথবা এর দ্বারা ক্ষতিগ্রস্ত বহু ব্যক্তি ও পরিবারের জন্য স্থায়ী সহায়তামূলক আবাসনের অ্যাক্সেস অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই আবাসন উদ্যোগ মনরো কাউন্টির সবচেয়ে অরক্ষিত জনগোষ্ঠীকে সেবা প্রদান করবে এবং এটি OASAS-এর সেবাদান অব্যাহত রাখার একটি গুরুত্বপূর্ণ অংশ।"

**স্টেট সিনেটর জেরেমি কুনি বলেন,** "মানসিক স্বাস্থ্য, মাদকদ্রব্যের অপব্যবহার, এবং গৃহহীনতার সম্মুখীন হওয়া তরুণ প্রাপ্তবয়স্কদের সাথে সম্পর্কিত বিভিন্ন জটিল সমস্যা মোকাবেলা করার মধ্য দিয়ে, ওপেন ডোর মিশন যাতে গত সাত দশক ধরে তারা যেভাবে কাজ করে গেছে সেইভাবে আমাদের কমিউনিটির বৈচিত্র্যপূর্ণ চাহিদাগুলো পূরণের জন্য সমন্বিতভাবে কাজ করে যেতে পারে সে বিষয়টি এই তহবিল নিশ্চিত করবে। আমাদের অঞ্চলে অ্যাক্সেসযোগ্য, সাশ্রয়ী, পরিবেশ-সচেতন আবাসনের প্রসার ঘটানোর জন্য সহায়তা করায়

গভর্নর হোকল, OTDA, এবং অফিস অব অ্যাডিকশন সার্ভিসেস এন্ড সাপোর্টস-এর প্রতি আমি কৃতজ্ঞ।"

**অ্যাসেম্বলি সদস্য ডেমন্ড মিকস বলেন,** "আমাদের কমিউনিটির বহু সদস্যের নিরাপদ ও স্থিতিশীল বাড়ির কোনো অ্যাক্সেস নেই। নির্ভরযোগ্য আবাসন ছাড়া সংগ্রামে লিপ্ত কমিউনিটি সদস্য এবং পরিবারগুলো দারিদ্র্যের চক্র থেকে বের হয়ে আসা এবং সমৃদ্ধি অর্জনে সক্ষম হয়ে উঠার সুযোগ থেকে বঞ্চিত হয়। আমাদের সবচেয়ে অরক্ষিত জনগোষ্ঠীর জন্য সাশ্রয়ী, সমতাপূর্ণ, ও স্থিতিশীল আবাসন প্রদান করতে তাদের অঙ্গীকারাবদ্ধতা প্রদর্শনের জন্য আমি গভর্নর হোকল, অস্থায়ী ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তর, এবং ওপেন ডোর মিশনের প্রতি কৃতজ্ঞ। আমি আশাবাদী যে এই বিনিয়োগ আমাদের গৃহহীন ভাই-বোনদের জন্য স্থিতিশীল আবাসন ও কার্যকর সংস্থানসমূহ প্রদান করতে একটি ক্রমবর্ধমান অঙ্গীকারাবদ্ধতা শুরু হওয়ার প্রতিনিধিত্ব করছে।"

**মনরো কাউন্টির এক্সিকিউটিভ অ্যাডাম বেলো বলেন,** "আবাসন জনসাধারণের স্বাস্থ্য ও নিরাপত্তার জন্য ভিত্তিস্বরূপ। এই নতুন আবাসন প্রকল্প সাবেক গৃহহীন ব্যক্তিদের একটি স্থিতিশীল ও স্বাস্থ্যকর জীবন বজায় রাখার জন্য প্রয়োজনীয় সহায়তা ও সংস্থান পাওয়া নিশ্চিত করার মাধ্যমে তাদের সঙ্গে সম্পৃক্ততার ক্ষেত্রে রূপান্তরমূলক ভূমিকা পালন করবে। আমাদের অধিবাসীদের এবং আমাদের কমিউনিটির প্রতি এই গুরুত্বপূর্ণ বিনিয়োগের জন্য গভর্নর হোকল এবং ওপেন ডোর মিশনকে ধন্যবাদ।"

**রচেস্টারের মেয়র মালিক ইভান্স বলেন,** "মেইন স্ট্রিটে মিলার বিল্ডিং সহায়তামূলক আবাসন উন্নয়ন প্রকল্প সম্পন্ন করার জন্য ওপেন ডোর মিশনকে অভিনন্দন, যা লোকজনকে দীর্ঘস্থায়ী গৃহহীনতা থেকে স্থায়ী আবাসন লাভের দিকে সফলভাবে উত্তরণে সাহায্য করবে। এই প্রকল্পে সহায়তা করার জন্য এবং রচেস্টারে এই বিনিয়োগ সম্পন্ন করার জন্য আমি গভর্নর ক্যাথি হোকল, নিউ ইয়র্ক স্টেটের অস্থায়ী ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তর এবং অফিস অব অ্যাডিকশন সার্ভিসেস এন্ড সাপোর্টসকে ধন্যবাদ জানাতে চাই। আমাদের অধিবাসীদেরকে নিরাপদ, মানসম্মত ও সাশ্রয়ী আবাসন প্রদান করা একটি উদ্দীপনাপূর্ণ ভবিষ্যত সম্পন্ন আশা দিয়ে ভরপুর একটি শহর তৈরি করতে আমাদের প্রচেষ্টাকে এগিয়ে নিয়ে যাবে।"

**ওপেন ডোর মিশন-এর CEO অ্যানা ভ্যালেরিয়া-আইসম্যান বলেন** "এই প্রকল্প সম্পন্ন হওয়া ওপেন ডোর মিশনের একটি উদ্দীপনাপূর্ণ অধ্যায়ের সূচনা করছে এবং এটি এমন এক সময়ে ঘটছে যখন সাশ্রয়ী আবাসনের চাহিদা সবচেয়ে বেশি রয়েছে। এসব আবাসিক ইউনিট চালু হওয়া আমরা যাদের সেবা প্রদান করি সেসব মানুষের জন্য পুনরুদ্ধার, আর্থিক স্বনির্ভরতা এবং স্থায়ী সংস্কারের একটি শক্তিশালী পথ প্রতিষ্ঠা করবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418